, হরিণাকুন্ডু সমাচার, ঝিনাইদহ

# নিলাম বিজ্ঞপ্তি

১২(৬)

অর্থ ঋণ আদালত আইন-২০০৩ (সংশোধনী-২০১০) এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

ঋণ গ্রহীতা/ প্রতিষ্ঠানের নাম ঃ মেসার্স লকেট ইলেকট্রনিক্স, প্রোঃ মোঃ রাসেল আলী, পিতাঃ মোঃ আব্দুর রাজ্জাক, গ্রামঃ কায়েতপাড়া, ডাকঃ রামদিয়া বাজার, উপজেলা ঃ আলমডাঙ্গা, জেলাঃ চুয়াডাঙ্গা । মোকামঃ উপজেলা মোড়, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণ গ্রহীতা/ ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ৩১/১২/২০২৪ ইং তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ৯৪,৪৭,৯৪৩.৭৫/-( কথায়ঃ চুরানব্বই লক্ষ সাতচল্লিশ হাজার নয় শত তেতাল্লিশ টাকা পচাঁত্তর পয়সা মাত্র ) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকুলে বন্ধকীকৃত নিম্নবর্ণিত হাইপোঃ/প্লেজকৃত মালামাল যেখানে যে অবস্থায় রহিয়াছে/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন-২০০৩ (সংশোধণী-২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্নিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকীকৃত সম্পত্তির তফসিল**

থানাঃ হরিণাকুন্ডু, জেলাঃ ঝিনাইদহ

| মৌজা/জেএল নং | সিএস খতিয়ান | এসএ খতিয়ান | আরএস খতিয়ান | সেপাঃ খতিয়ান | দাগ নং (সিএস+এসএ) | আর এস দাগ | জমির পরিমাণ | জমির মালিক |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩৩ নং পার্বতীপুর | ১৪৯৯ | ১৯৯১ | ২৬৬৬ | ৫৮২৭ | ৯৩৮ | ৭০০ | ৩.৮১ শতক | মোঃ রাসেল আলী |
| | | ১৮৮৪ | ৫৭৫১ | ৬০১৮ | ৯৩৬ | ৬৯৮ | ৭.০০ শতক | |
| | | | | | | সর্বমোটঃ | ১০.৮১ শতক | মোঃ রাসেল আলী |

**জমির চৌহদ্দিঃ**

| দাগ নং | উত্তরে | দক্ষিনে | পুর্বে | পশ্চিমে |
|---|---|---|---|---|
| ৭০০(আরএস দাগ) | আহাম্মেদ আলী | আমিরুল ইসলাম দিং | মোঃ ইব্রাহিম | আমিরুল ইসলাম |
| ৬৯৮(আরএস দাগ) | মোঃ মিজান | মোঃ আব্দুর রহিম | মোঃ আলমগীর গং | আমিরুল ইসলাম |

দরপত্রের শর্তসমূহ ঃ

১। আগ্রহী দর দাতা তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন, তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবে না। ( দরদাতা নির্ধারিত ফরমেট হরিণাকুন্ডু শাখা,ঝিনাইদহ অথবা প্রিন্সিপাল অফিস,ঝিনাইদহ থেকে সংগ্রহ করিতে পারিবেন)

২।আগামী 07/05/25 ইং তারিখে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, হরিণাকুন্ডু শাখা, ঝিনাইদহ এবং প্রিন্সিপাল অফিস, ঝিনাইদহ তে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে এবং ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/ অফিসে পৌছাইতে হইবে।

৩। দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতার/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য উল্লেখ করিতে হইবে।

৪। দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হলো।

| ক্রঃ নং | আর্নেস্ট মানি/ জামানতের পরিমাণ | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে। |
| খ | উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে। |
| গ | উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকা এর অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে। |

৫। দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল, সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৬। দরপত্রে উল্লেখিত তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

৭। নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকুলে মালামাল/ সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

৮। ঋণ গ্রহীতা/ প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/ মালামাল সংক্রান্ত সরকারী কর/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/ পাওনা যথা- বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভুমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০। দরপত্র বাতিল হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

জে.এম.মোশারেফ হোসেন
এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
মোবাইল ঃ ০১৭৩০-৭৩২২৮২